

ভারত এবং জাপানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার বৈঠক

- ১) জাপানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মহামান্য জনাব শোতারো ইয়াচি ভারত সফর করলেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভালের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনার জন্য, নভেম্বর ৫, ২০১৬। এটি জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী দোভালের জুলাই ২০১৬ জাপান সফরের পর জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ইয়াচির রাষ্ট্রিয় সফর। এছাড়াও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ইয়াচি সাক্ষাৎ করেন বিদেশ সচিব ড. এস. জয়শক্তরের সঙ্গেও।
- ২) ২০১৫ সালের ডিসেম্বরে প্রধানমন্ত্রী শিনজো আবের ভারত সফরকালে যে গুরুত্বপূর্ণ সমবোতায় পৌঁছনো গিয়েছিল, তার বাস্তবায়নে উভয়পক্ষ আলোচনার সময় সন্তোষপ্রকাশ করেন। তাঁরা আঞ্চলিক ও বিশ্বজনিন শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের বিষয়ে ভারত ও জাপানের মধ্যে বিশেষ কৌশলগত এবং বিশ্বজনিন অংশীদারিত্বের বিষয়টি তাঁরা তুলে ধরেন, যে বিষয়ে ২০১৪ সালের আগস্ট-সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী মোদির জাপান সফরের সময়ে সম্মত হয়েছিল। তাঁদের আলোচনায় দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বিশ্বজনিন গুরুত্বপূর্ণ বিষয়গুলি বিশেষ গুরুত্ব পায়, যা সাহায্য করবে পারস্পরিক স্বার্থ ও মতের মধ্যে সমৰোতার এবং সার্বজনিন মানোন্নয়নের বিষয়ে। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ইয়াচি বলেন, জাপান ভারতের সঙ্গে আঞ্চলিক ও বিশ্বজনিন বিষয়ে ঘোথভাবে কাজ করার বিষয়টি আরও এগিয়ে নিয়ে যেতে প্রতিশ্রূতিবদ্ধ। তাঁরা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রয়োজনের স্বার্থে আঞ্চলিক ও বিশ্বজনিন চ্যালেঞ্জ সম্মিলিতভাবে মোকাবিলা করার বিষয়ে সম্মত হয়েছেন।
- ৩) বার্ষিক শিখর সম্মেনের জন্য প্রধানমন্ত্রী মোদির আসন্ন জাপান সফরের প্রস্তুতি নিয়ে উভয়পক্ষ পর্যালোচনা করেন। তাঁরা সহমত হয়েছেন যে, প্রধানমন্ত্রীর এই জাপান সফর এই বছরে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে সবথেকে উল্লেখযোগ্য ঘটনা। এই সফর ভারত ও জাপানের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও মজবুত ও উন্নত করবে।

নয়াদিল্লি

নভেম্বর ০৫, ২০১৬